

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
 সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 প্রধান কার্যালয়  
 ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
 Website: www.dnc.gov.bd।

জাতীয় মাদকবিরোধী কমিটির ০৮ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: আজিজুল ইসলাম  
 মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।  
 তারিখ ও সময় : ২১ জুলাই, ২০২২খ্রি., সকাল ১০.৩০ ঘটিকা।  
 সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)  
 উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) সভায় গত ০৮ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় মাদকবিরোধী কমিটির ৩য় সভার সিদ্ধান্তসমূহ অধ্যকার সভায় পাঠ করে শুনান। জাতীয় মাদকবিরোধী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় মাদকবিরোধী কমিটির ৩য় সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তাদেরকে নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদান করা হয়:

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
৪.২	মাদকদ্রব্যের চাহিদা হ্রাস	৪.২.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সরকারি/আধাসরকারী/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার চলমান মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে। গণমাধ্যম ও শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচার বাড়াতে হবে;	১.সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ২.সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। ৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। ৪. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর। ৫. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৪.২.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সরকারি/আধাসরকারী/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার চলমান মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে। গণমাধ্যম ও শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রচার বাড়াতে হবে;	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)
		৪.২.২) যে সকল সরকারি/আধাসরকারী/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা উঠান বৈঠক করে, তাদের উঠান বৈঠকে মাদকবিরোধী আলোচনা সন্নিবেশিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বৈঠকে আলোচনার কনটেন্ট নির্ধারণ করে দিতে হবে।	১.সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ২.সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। ৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। ৪. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর। ৫. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৪.২.২) যে সকল সরকারি/আধাসরকারী/বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা উঠান বৈঠক করে, তাদের উঠান বৈঠকে মাদকবিরোধী আলোচনা সন্নিবেশিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বৈঠকে আলোচনার কনটেন্ট নির্ধারণ করে দিতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)

(স্বাক্ষর)

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		<p>৪.৩.১) চলতি অর্থবছরের মাদকবিরোধী টকশোগুলো নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।</p> <p>৪.৩.২) সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে ডিএনসি কর্তৃক নির্মিত মাদকবিরোধী টিভিসি, কনটেন্টগুলো প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, ATCO ও ডিএনসি- এর সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। প্রয়োজনে কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।</p> <p>২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর।</p> <p>৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p> <p>৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।</p> <p>৫. সভাপতি, অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো)।</p>	<p>৪.৩.১) চলতি অর্থবছরের মাদকবিরোধী টকশোগুলো নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।</p> <p>৪.৩.২) সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে ডিএনসি কর্তৃক নির্মিত মাদকবিরোধী টিভিসি, কনটেন্টগুলো প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, ATCO ও ডিএনসি- এর সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। প্রয়োজনে কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)</p>
		<p>৪.৪.১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর প্রস্তুতকৃত লিখিত বক্তব্যটি যাচাই করে মহাপরিচালক, ডিএনসি একটি লিখিত বক্তৃতা প্রস্তুত করে সারাদেশে জুমআর বয়ানে মাদকবিরোধী আলোচনার জন্য ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে প্রেরণ করবে।</p> <p>৪.৪.২) ডিএনসি অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে আলোচনার জন্য অনুরূপভাবে একটি খসড়া লিখিত বক্তব্য ধর্মমন্ত্রণালয়ে প্রেরণ করবে। ধর্মমন্ত্রণালয় বক্তব্য চূড়ান্ত করে সংশ্লিষ্ট উপাসনালয়ে প্রেরণ করবে।</p> <p>৪.৪.৩) ইসলামিক ফাউন্ডেশন মসজিদে প্রচারিত মাদকবিরোধী বক্তব্য নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবে।</p>	<p>১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।</p> <p>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p> <p>৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।</p> <p>৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।</p>	<p>৪.৪.১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর প্রস্তুতকৃত লিখিত বক্তব্যটি যাচাই করে মহাপরিচালক, ডিএনসি একটি লিখিত বক্তৃতা প্রস্তুত করে সারাদেশে জুমআর বয়ানে মাদকবিরোধী আলোচনার জন্য ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে প্রেরণ করবে।</p> <p>৪.৪.২) ডিএনসি অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে আলোচনার জন্য অনুরূপভাবে একটি খসড়া লিখিত বক্তব্য ধর্মমন্ত্রণালয়ে প্রেরণ করবে। ধর্মমন্ত্রণালয় বক্তব্য চূড়ান্ত করে সংশ্লিষ্ট উপাসনালয়ে প্রেরণ করবে।</p> <p>৪.৪.৩) ইসলামিক ফাউন্ডেশন মসজিদে প্রচারিত মাদকবিরোধী বক্তব্য নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবে।</p>	<p>পরিচালক (নিরোধ শিক্ষা)</p>
		<p>৪.৫) স্ট্র্যাটেজিক কমিটির পরবর্তী সভা আহ্বানের ব্যবস্থা নিতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির TOR অনুযায়ী প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা স্ট্র্যাটেজিক কমিটির আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p>	<p>১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p>	<p>৪.৫) স্ট্র্যাটেজিক কমিটির পরবর্তী সভা আহ্বানের ব্যবস্থা নিতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির TOR অনুযায়ী প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা স্ট্র্যাটেজিক কমিটির আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p>	<p>পরিচালক (প্রশাসন/ নিরোধ শিক্ষা)</p>

10/07

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		<p>৪.৬.১) প্রস্তুতকৃত মাদকবিরোধী টিভিসিগুলো গণযোগাযোগ অধিদপ্তরের চাহিদা অনুযায়ী প্রতিটির ৭০ কপি প্রেরণ করে টিভিসিগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪.৬.২) মাদকবিরোধী টিভিসি সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়, ATCO এবং ডিএনসি'র সমন্বয় সভা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।</p> <p>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p> <p>৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।</p> <p>৪. সভাপতি, অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (অ্যাটকো)।</p>	<p>৪.৬.১) প্রস্তুতকৃত মাদকবিরোধী টিভিসিগুলো গণযোগাযোগ অধিদপ্তরের চাহিদা অনুযায়ী প্রতিটির ৭০ কপি প্রেরণ করে টিভিসিগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪.৬.২) মাদকবিরোধী টিভিসি সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়, ATCO এবং ডিএনসি'র সমন্বয় সভা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	পরিচালক (নিরোধ শিক্ষা)
		<p>৪.৭) ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়ে হালনাগাদকৃত টপিকগুলো অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করতে হবে।</p>	<p>১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।</p> <p>২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।</p> <p>৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p> <p>৪. চেয়ারম্যান, এনসিটিবি।</p>	<p>৪.৭) ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকের কুফল ও ক্ষতিকর বিষয়ে হালনাগাদকৃত টপিকগুলো অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করতে হবে।</p>	পরিচালক (নিরোধ শিক্ষা)
		<p>৪.৮.১) বিদেশের শ্রমবাজারে বাংলাদেশের ভাবমূর্তি বৃদ্ধিসহ বর্হিবিশ্বের শ্রম বাজার বাংলাদেশের জন্য আরো উন্মুক্ত করতে বিদেশগামী এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মীদের মাদকের বিষয়ে সচেতন করতে হবে।</p> <p>৪.৮.২) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) হতে বিদেশগামী শ্রমিকদের জন্য আয়োজিত Pre-departure Orientation Programme -এর জন্য ডিএনসি কর্তৃক মাদকের ক্ষতিকর দিক তুলে ধরে দেশ ও অঞ্চলভিত্তিক মাদকদ্রব্যের প্রভাব অনুসারে বক্তব্য প্রস্তুতপূর্বক BMET-এর প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করণের জন্য প্রেরণ করতে হবে।</p>	<p>১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।</p> <p>২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।</p> <p>৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)</p>	<p>বিদেশের শ্রমবাজারে বাংলাদেশের ভাবমূর্তি বৃদ্ধিসহ বর্হিবিশ্বের শ্রম বাজার বাংলাদেশের জন্য আরো উন্মুক্ত করতে বিদেশগামী এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মীদের (দেশ ও অঞ্চলভিত্তিক) মাদকের বিষয়ে সচেতন করতে একটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক BMET-এর প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর সভাপতিত্বে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর কর্মকর্তাগণের সাথে সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	পরিচালক (নিরোধ শিক্ষা)

10/11/22

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		৪.৯) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রণীতব্য আইনে গাড়ি চালকদের ড্রাগ এবিউজ টেস্ট এর বিষয়ে কোনো বিধি আছে কিনা তা অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ যাচাই করবেন।	১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। ২. অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ ৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৪.৯) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রণীতব্য আইনে গাড়ি চালকদের ড্রাগ এবিউজ টেস্ট এর বিষয়ে কোনো বিধি আছে কিনা তা অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ যাচাই করবেন।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
		৪.১০) চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্ত ব্যক্তিদের যথাযথ প্রশিক্ষণ দিয়ে পুনর্বাসনের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর ও বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর ফোকাল পয়েন্ট নির্ধারণসহ পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করতে হবে।	১. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়; ২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; ৩. সচিব, যুব ও ক্রিয়া মন্ত্রণালয়; ৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৫. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো। ৬. বিভাগীয় কমিশনার (সকল)।	৪.১০) চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্ত ব্যক্তিদের যথাযথ প্রশিক্ষণ দিয়ে পুনর্বাসনের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর ও বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর ফোকাল পয়েন্ট নির্ধারণসহ পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
		৪.১১) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে সমন্বিত সামাজিক আন্দোলন গড়ে তুলতে প্রস্তুতকৃত খসড়া কর্মপরিকল্পনা চূড়ান্ত করে শীঘ্রই তা বাস্তবায়ন করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৪.১১) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে সমন্বিত সামাজিক আন্দোলন গড়ে তুলতে প্রস্তুতকৃত খসড়া কর্মপরিকল্পনা চূড়ান্ত করে শীঘ্রই তা বাস্তবায়ন করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)
৫।	মাদক দ্রব্যের ক্ষতি হ্রাস।	৫.১) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর তদারকিতে জেলা মনিটরিং কমিটি ও বিভাগীয় মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করতে হবে।	১. অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। ২. বিভাগীয় কমিশনার (সকল)। ৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৪. জেলা ম্যাজিস্ট্রেট (সকল) ৫. অতিরিক্ত পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.১) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর তদারকিতে জেলা মনিটরিং কমিটি ও বিভাগীয় মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)

(10/07/22)

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		৫.২) মাদকাসক্তি চিকিৎসার জন্য একটি পূর্ণাঙ্গ জাতীয় গাইড লাইন তৈরির কার্যক্রম দ্রুততর করতে হবে। তবে জাতীয় গাইড লাইন তৈরির পূর্বেই মাদকাসক্তির চিকিৎসার ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত একটি নির্দেশনা জারী করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.২) মাদকাসক্তি চিকিৎসার জন্য একটি পূর্ণাঙ্গ জাতীয় গাইড লাইন তৈরির কার্যক্রম দ্রুততর করতে হবে। তবে জাতীয় গাইড লাইন তৈরির পূর্বেই মাদকাসক্তির চিকিৎসার ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত একটি নির্দেশনা জারী করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)
		৫.৩) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও পুনর্বাসন কেন্দ্র এর প্যারামিটার কি হবে-তা নির্ধারণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.৩) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও পুনর্বাসন কেন্দ্র এর প্যারামিটার কি হবে-তা নির্ধারণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)
		৫.৪) এনজিওগুলো যেন মাদকাসক্তদের পুনর্বাসনে এগিয়ে আসে সেলক্ষ্যে মহাপরিচালক এনজিওগুলোর সাথে সভা করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও পুনর্বাসনের খাত চিহ্নিত করবেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.৪) এনজিওগুলো যেন মাদকাসক্তদের পুনর্বাসনে এগিয়ে আসে সেলক্ষ্যে মহাপরিচালক এনজিওগুলোর সাথে সভা করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও পুনর্বাসনের খাত চিহ্নিত করবেন।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
		৫.৫) নিরাময় কেন্দ্রে কোন আসামী ভর্তি থাকলে মামলার তদন্ত কাজে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে কিভাবে সহযোগিতা করা যায় সে বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক বাংলাদেশ পুলিশসহ অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে আলোচনার মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করবেন।	১. আইজিপি, বাংলাদেশ পুলিশ ২. অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ। ৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.৫) নিরাময় কেন্দ্রে কোন আসামী ভর্তি থাকলে মামলার তদন্ত কাজে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে কিভাবে সহযোগিতা করা যায় সে বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক বাংলাদেশ পুলিশসহ অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে আলোচনার মাধ্যমে বিষয়টি চূড়ান্ত করবেন।	পরিচালক (অপারেশনস)/ চিকিৎসা ও পুনর্বাসন)
		৫.৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আকস্মিকভাবে ড্রাগ এবিউজ টেস্ট করতে হবে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল দায়িত্বশীল কর্মকর্তা তার অধস্তনদের টেস্ট করে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৫.৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আকস্মিকভাবে ড্রাগ এবিউজ টেস্ট করতে হবে। পরিচালক (প্রশাসন) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।	পরিচালক (প্রশাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান।
৬।	মাদকদ্রব্যের সরবরাহ হাস।	৬.১) মাদকব্যবসায়ীদের ওপর কড়া নজর রাখতে হবে এবং অবৈধ মাদক উদ্ধারে সংশ্লিষ্ট সকল সংস্থাকে আরো বেশি তৎপর হতে হবে। মানসম্পন্ন মামলা করতে হবে।	১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; ২. সকল আইন শৃংখলা রক্ষাকারী সংস্থা।	৬.১) মাদকব্যবসায়ীদের ওপর কড়া নজর রাখতে হবে এবং অবৈধ মাদক উদ্ধারে সংশ্লিষ্ট সকল সংস্থাকে আরো বেশি তৎপর হতে হবে। মানসম্পন্ন মামলা করতে হবে।	পরিচালক (অপারেশনস)


*(Handwritten signature)*

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		৬.২) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি, স্ট্র্যাটেজিক কমিটি, এনফোর্সমেন্ট কমিটি এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;	৬.২) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি, স্ট্র্যাটেজিক কমিটি, এনফোর্সমেন্ট কমিটি এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)
		৬.৩) মাদক চোরাকারবারিদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনে তা ক্রসচেক করতে হবে। আইন প্রয়োগকারী অন্যান্য সংস্থা/গোয়েন্দা সংস্থার সাথে আলোচনা ও সমন্বয় করে মাদক চোরাকারবারিদের ডাটাবেজ তৈরি করতে হবে।	১. অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ। ২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৩. সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। ৪. সকল গোয়েন্দা সংস্থা।	৬.৩) মাদক চোরাকারবারিদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনে তা ক্রসচেক করতে হবে। আইন প্রয়োগকারী অন্যান্য সংস্থা/গোয়েন্দা সংস্থার সাথে আলোচনা ও সমন্বয় করে মাদক চোরাকারবারিদের ডাটাবেজ তৈরি করতে হবে।	পরিচালক (অপারেশনস)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)/ সিস্টেম এনালিস্ট/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)
		৬.৪) লাইসেন্সবিহীন অবৈধ কুরিয়ার সার্ভিসগুলোর বিরুদ্ধে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। ২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৩. চেয়ারম্যান, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ।	৬.৪) লাইসেন্সবিহীন অবৈধ কুরিয়ার সার্ভিসগুলোর বিরুদ্ধে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (অপারেশনস)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)
		৬.৫) বিজিবি'র 'আলোকিত সীমান্ত' প্রকল্পটি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতা অব্যাহত থাকবে।	১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ২. মহাপরিচালক, বিজিবি।	৬.৫) বিজিবি'র 'আলোকিত সীমান্ত' প্রকল্পটি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতা অব্যাহত থাকবে।	পরিচালক (অপারেশনস)
৭।	বিবিধ	৭.১) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ করতে মর্ডানাইজেশন অব ডিএনসি প্রকল্পটি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৭.১) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ করতে মর্ডানাইজেশন অব ডিএনসি প্রকল্পটি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
		৭.২) বাংলাদেশ- মিয়ানমার ৫ম দ্বি-পাক্ষিক সভা দ্রুত আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।		৭.২) বাংলাদেশ- মিয়ানমার ৫ম দ্বি-পাক্ষিক সভা দ্রুত আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (অপারেশনস)
		৭.৩) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET), জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং দুর্নীতি দমন কমিশন (দুদক)-কে কমিটিতে কো-অপ্ট করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	৭.৩) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET), জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং দুর্নীতি দমন কমিশন (দুদক)-কে কমিটিতে কো-অপ্ট করতে হবে।	পরিচালক (প্রশাসন)

ক্র:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	অধিদপ্তরে ২১/০৭/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ
		৭.৪) মিনা কার্টুন ভাঙ্গন এর মত করে মাদকবিরোধী কার্টুন ভাঙ্গন প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	৭.৪) মিনা কার্টুন ভাঙ্গন এর মত করে মাদকবিরোধী কার্টুন ভাঙ্গন প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)

৩। সভাপতি অবৈধ মাদকের বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত “জিরো টলারেপ” নির্দেশনা বাস্তবায়নে মাদকের চাহিদা হাস, সরবরাহ হাস ও ক্ষতি হাস কার্যক্রমে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার আহবান জানান।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৮/৭/২০২২


(মো: আজিজুল ইসলাম)  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

নং-৫৮.০২.০০০০.০০৫.১৮.৩৯২(খন্ড-১).১৯-৫১২৩

১৩ শ্রাবণ, ১৪২৯  
তারিখ: -----  
২৮ জুলাই, ২০২২

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/অপারেশনস/টিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/পুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৯। সহকারী পরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

  
২৮/০৭/২০২২

(দীপজয় হোসা)  
সহকারী পরিচালক (প্রশাসন)